# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং - ৪৬.১৬.০০০০.০১৪.০৩১(২০).৩৯.১৯/৫২৭ তারিখ : ১৮/০৭/২০১৯ খ্রিঃ

## " কোরবানীর পশুর হাটের ইজারা বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ উপলক্ষ্যে ঈদের পূর্ববর্তী ৩ (তিন) দিনের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনাধীন নিম্নোক্ত অস্থায়ী পশুর হাট ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। অস্থায়ী পশুর হাট ইজারার শর্ত সম্বলিত দরপত্র সিডিউল অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয় নারায়ণগঞ্জ এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর ভবন, কমদরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের হিসাব শাখা থেকে নির্ধারিত মূল্যে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের জন্য সিটি কর্পোরেশনের ৩টি আঞ্চলিক কার্যালয়, জেলা প্রশাসক ও পুলিশ সুপার নারায়ণগঞ্জ কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে ইজারা দরপত্র জমা দেয়া যাবে। গৃহীত সকল দরপত্র সমূহ একত্রিত করে সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষে ঐদিনই বেলা ২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে ( যদি কেহ উপস্থিত থাকেন ) খোলা হবে।

হাট ইজারা গ্রহণের জন্য প্রস্তাবিত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট , ৫% আয়কর ও ৫% জামানতের সমপরিমান অর্থের পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সকল প্রকার পে-অর্ডার মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

| ক্র:নং | অস্থায়ী পশুর হাটের নাম | দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডার এর পরিমাণ (প্রস্তাবিত মূল্যের টাকা) | দরপত্র মূল্য (টাকা) |
|---|---|---|---|
| ১ | ১ নং ওয়ার্ড রনি সিটির খালি মাঠ। | ১০০% | ৫০০/- |
| ২ | ৩ নং ওয়ার্ড মাদানিনগর ব্রিজ সংলগ্ন বালুর মাঠ। | ১০০% | ১,০০০/- |
| ৩ | ৩ নং ওয়ার্ড সানার পাড় সিথি গার্মেন্টস সংলগ্ন জনাব মৌলভী মোঃ ফজলুর রহমান এর খালি জায়গা। | ১০০% | ১,০০০/- |
| ৪ | ৪ নং ওয়ার্ড সাবেক আর এম ওয়েল মিল্স এর খালি মাঠ। | ১০০% | ১,০০০/- |
| ৫ | ৭ নং ওয়ার্ড নাভানা সিটির খালি মাঠ। | ১০০% | ১,০০০/- |
| ৬ | ৮ নং ওয়ার্ড গোদনাইল ইব্রাহিম টেক্সটাইল মিলস এর মাঠ (রেল লাইনের পশ্চিম অংশ)। | ১০০% | ৫,০০০/- |
| ৭ | ১০ নং ওয়ার্ড লক্ষীনারায়ণ মিলস সংলগ্ন সিটি কর্পোরেশনের খালি জায়গা। | ১০০% | ২,৮০০/- |
| ৮ | ১৮ নং ওয়ার্ড (জি এম সি) জনাব আব্দুল হাই সাহেবের খালি জায়গা । | ১০০% | ৫০০/- |
| ৯ | ২০ নং ওয়ার্ড সোনাকান্দা অস্থায়ী পশুর হাট। | ১০০% | ১৩,০০০/- |
| ১০ | ২৩ নং ওয়ার্ড কদমরসুল পূর্বপাড়া হাজী কমর উদ্দিন রোড সংলগ্ন খালি জায়গা। | ১০০% | ১,০০০/- |
| ১১ | ২৪ নং ওয়ার্ড নবীগঞ্জ বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট। | ১০০% | ২,৬০০/- |
| ১২ | ২৫ নংওয়ার্ড চৌরাপাড়া অস্থায়ী পশুর হাট। | ১০০% | ৩,৮০০/- |
| ১৩ | ২৫ নং ওয়ার্ড উত্তর লক্ষণখোলা খেয়াঘাট সংলগ্ন অস্থায়ী পশুর হাট। | ১০০% | ২,০০০/- |
| ১৪ | ২৭ নং ওয়ার্ড ফুলহর আনোয়ার সাহেবের বালুর মাঠ। | ১০০% | ১,০০০/- |

### দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচী :

| ক্র:নং | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমাদানের তারিখ ও শেষ সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম দফা | ২১/০৭/২০১৯ হতে ২৩/০৭/২০১৯ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ২৪/০৭/২০১৯ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৪/০৭/২০১৯ খ্রিঃ বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত | প্রথম দফায় কোন হাটের দরপত্র গৃহীত হলে পরবর্তী দফায় ঐ হাটের দরপত্র বিক্রি/গ্রহণযোগ্য হবেনা। (অনুরূপ) |
| ২য় দফা | ২৮/০৭/২০১৯ হতে ৩০/০৭/২০১৯ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ৩১/০৭/২০১৯ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ৩১/০৭/২০১৯ খ্রিঃ বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত | |

**শর্তাবলী :**

১। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। উদ্ধৃত দরের সমপরিমান অর্থাৎ ১০০% (একশত ভাগ) হারে টাকা বায়না হিসেবে দরপত্রের সাথে মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর

অনুকূলে পে-অর্ডার আকারে জমা দিতে হবে। হাট ইজারা গ্রহণের জন্য প্রস্তাবিত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট , ৫% আয়কর ও ৫% জামানতের সমপরিমান অর্থের পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে ; অন্যথা দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। অস্পষ্ট, কাটা-ছেড়া বা ঘষা মাজা সম্বলিত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। ইজারা নেয়ার লক্ষ্যে যে হাটের দরপত্র দাখিল করা হবে তার নাম স্পষ্ট অক্ষরে দরপত্র সিডিউল ও খামের উপরে লিখতে হবে।

৬। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে চুক্তিপত্র সম্পাদান করত: হাটের কার্যক্রম শুরু করতে হবে। চুক্তিপত্র সম্পাদনের পর হাটের দখল বুঝিয়ে দেয়া হবে। কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নামে দরপত্র ক্রয় করা যাবে না।

৯। ইজারাকৃত হাট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সাবলীজ দেয়া যাবে না। ভ্যাট,আয়কর,জামানত ইত্যাদি সম্পূর্ণ টাকা পরিশোধ পূর্বক কার্যাদেশ গ্রহন ব্যতিত হাটের কার্যক্রম গ্রহণ স্পূর্ন অবৈধ বলে বিবেচিত হবে।

১০। পশুর হাটে বিক্রিত পশুর মূল্যের উপর ৫% হারে হাসুলী আদায় করতে হবে।

১১। ইজারা সংক্রান্ত সকল সরকারী নির্দেশ ইজারাদারকে অবশ্যই মেনে চলতে হবে। তাছাড়া প্রয়োজনে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ যে কোনো শর্ত আরোপ করতে পারবে।

১২। ইজারাদার কর্তৃক এক বা একাধিক শর্ত ভঙ্গ করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

১৩। হাট এলাকা ইজারাদারকে সম্পূর্ন নিজ ব্যয়ে প্রতিদিন পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। অন্যথা জামানতের টাকা বাজেয়াপ্ত করত: হাট পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে।

১৪। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ / তাঁর প্রতিনিধি প্রয়োজন হলে যে কোন সময় হাট এলাকা পরিদর্শন করতে পারবেন এবং বাস্তবতার নিরিখে যে কোন শর্ত আরোপ করতে পারবেন এবং ইজারাদার ঐ সকল শর্ত / আদেশ নিষেধ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫। অস্থায়ী পশুর হাট এমনভাবে স্থাপন করতে হবে যেন কোনক্রমেই যানবাহন ও জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি না হয়।

১৬। হাটের জন্য নির্ধারিত স্থান ব্যতিত সড়ক,মহাসড়ক,বা জোর পূর্বক অন্য কারো জায়গায় হাট বসানো যাবেনা।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের এখতিয়ার সংরক্ষণ করেন।

( এ, এফ, এম, এহতেশামুল হক )
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন-৭৬৩৩৪২৩
**e-mail: ceo@ncc.gov.bd**

স্মারক নং-৪৬.১৬.০০০০.০১৪.০৩১(২০).৩৯.১৯ তারিখঃ /০৭/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি দেয়া হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,নারায়ণগঞ্জ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ নারায়ণগঞ্জ সদর/বন্দর।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর/বন্দর।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী / নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। নির্বাহী প্রকৌশলী / গণপূর্ত/ এল,জি,ই,ডি, নারায়ণগঞ্জ।
১০। কাউন্সিলর (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা (চ:দা:), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১২। ........................................................ , নির্বাহী প্রকৌশলী (চ:দা:), সিদ্ধিরগঞ্জ/কদমরসুল আঞ্চলিক কার্যালয়।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা নারায়ণগঞ্জ সদর/বন্দর/সিদ্ধিরগঞ্জ থানা।
১৪। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ জেলা প্রশাসকের কার্যালয়/পুলিশ সুপারের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসার/ সদর/বন্দর/ প্রধান ডাকঘর, সহকারী কমিশনার ভূমি/সাব-রেজিষ্টার/ সদর/বন্দর/ সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১৫। সম্পাদক...................................... নারায়ণগঞ্জ। (তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১২˝ পরিসরে আগামী ------------/০৭/২০১৯ তারিখে ১ (এক) দিন প্রকাশ করে ১ কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। ..........................কর্মকর্তা, তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে সিটি কর্পোরেশন এলাকায় আগামী ................................. খ্রিঃ তারিখ ১ (এক) দিন ৬ ঘন্টা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭। জনাব ............................................................ (সাবেক) ইজারাদার ............................................।

( এ, এফ, এম, এহতেশামুল হক )
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন